বিরল উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির আগস্ট/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতিঃ মোঃ রেজাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

আলোচ্য মাসঃ জুলাই/২০২৬
তারিখঃ ১৭/০৮/২০২৬
রোজঃ সোমবার
সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি গত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পড়ে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ইউনিয়ন পর্যায়ে নিয়মিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করে কার্যবিবরণী প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। সভাপতি বিরল উপজেলায় কোন সন্ত্রাস ও নাশকতা বিষয়ে কোন সংবাদ পেলে দ্রুত উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, বিরল থানাকে জানানোর জন্য অনুরোধ করেন। বিরল উপজেলায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

ক্রনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	সন্ত্রাস ও মাদকবিরোধী সামাজিক সচেতনতা বাড়াতে সকল এলাকার জনপ্রতিনিধিসহ সকল স্তরের জনগণের সমন্বয়ে কার্যকর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	সন্ত্রাস ও মাদকবিরোধী সামাজিক সচেতনতা বাড়াতে সংশ্লিষ্টদের প্রচারণার আয়োজন নিশ্চিত করতে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল। ২। প্রশাসক, উপজেলা পরিষদ, বিরল। ৩। অফিসার ইনচার্জ, বিরল। ৪। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ।
০২	অনাকাংখিত কোন ব্যক্তি বা অপরিচিত কাউকে এলাকায় ঘোরাফেরা করতে দেখলে দ্রুত থানায় খবর দেয়ার জন্য অনুরোধ করা হলো।	সতর্কতা অবলম্বন ও তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ।
০৩	সাম্প্রদায়িক সম্প্রীতি যেন কোন ভাবে ক্ষুন্ন না হয় সে দিকে লক্ষ্য রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।	সতর্কতা অবলম্বন ও তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ।
০৪	ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করা জরুরী।	সভা অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ।
০৫	মাদকসেবীদের চিহ্নিত করে সামাজিকভাবে বয়কট করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।	সতর্কতা অবলম্বন ও তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ।

বিরল উপজেলায় সন্ত্রাসী ও নাশকতা রুখতে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রেজাউল ইসলাম
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ
কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০২৪.২৪-১১৯৩(৫০)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, দিনাজপুর।

২. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

৩. উপজেলা..অফিসার, বিরল, দিনাজপুর।

৪. অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।

৫. চেয়ারম্যান.. ইউ,পি, (সকল), বিরল, দিনাজপুর।

৬. উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭. জনাব..বিরল, দিনাজপুর।

৮. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।